সাউথ বাংলা এভিয়েশন এর আপীল শুনানীর আদেশনামা

আপীল নং-০২৭/২০২২ **তাং-২৩.০৬.২০২**

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
২৬.০৬.২২	অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী জনাব মোঃ মোতাহার হোসেন, স্বত্বাধিকারী সাউথ বাংলা এভিয়েশন, সেবা নুরজাহান আইকন সেন্টার, লেভেল-৬, ৬০, পুরানা পল্টন, ঢাকা-১০০০ হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। আপীলকারী যে, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ২০/১১/২০২১ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করা হয় ০৫/০৬/২০২২ তারিখে। তাঁর এজেন্সী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ০৭/**০৬/২০২২** তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৯/০৬/২০২২ তারিখে অনলাইন সিস্টেমে ০২৭/২০২২ নং আপীল দায়ের করেন। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। তিনি বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। **বিচার্যবিষয়াবলী:** (ক) আপিলকারী যথাসময়ে নিবন্ধনের জন্য সঠিক কাগজপত্রাদিসহ আবেদন দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা? (খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গ কিনা এবং আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা? **আপিলকারীর বক্তব্যে** : (ক) শুনানীর সময় এজেন্সীর স্বত্বাধিকারী জানান যে, করোনা কালীন অফিস বন্ধ থাকায় সঠিক সময়ে নবায়নের আবেদন দাখিল করতে পারেননি। বর্তমানে ব্যবসা করতে ইচ্ছুক। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদিপ্রদর্শন/দাখিল করেন। **পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :** (ক) আপীলকারী বক্তব্যে পর্যালোচনা দেখা জানা যায় যে, এজেন্সীটির নবায়ন আবেদনের মেয়াদ উর্ত্তীণের তারিখ ছিল ২০/১১/২০২১ এবং এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করা হয় ০৫/০৬/২০২২ তারিখে। তাঁর এজেন্সী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ০৭/**০৬/২০২২** তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৯/০৬/২০২২ তারিখে অনলাইন সিস্টেমে ০২৭/২০২২ নং আপীল দায়ের করেন। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। তিনি বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। আপীলকারী বিলম্বে নবায়ন আবেদন দাখিলে বিষয়ে যে, যুক্তি প্রদর্শন করেন তা হলো, করোনাকালীন অফিস বন্ধ থাকায় সঠিক সময়ে নবায়নের আবেদন দাখিল করতে পারেননি। বর্তমানে মালিক ব্যবসা করতে ইচ্ছুক। দীর্ঘ বিলম্বে বিষয়ে আপীলকারী যে যুক্তি উপস্থাপন করেছেন, তা সঠিক বলে প্রতীয়মান নয়। তাই আপীলকারী যুক্তিটি যথাযথ নয় (খ)বিলম্বে আবেদন করার বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হয়। (গ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বর্ণনা মোতাবেক আইনের ৭ ধারার উপধারা ৩(খ) এর অধীন নিবন্ধন আবেদন না মঞ্জুর হলেই আপিল দায়ের করা যায়। উক্ত আইনের ৭(৩) ধারা মোতাবেক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদির বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ ন্যায় বিচার না করলে	

আপিল কর্তৃপক্ষ ন্যায় বিচারের স্বার্থে আদেশ প্রদান করতে পারেন। কিন্তু আপীলকারী নির্ধারিত সময়ে নবায়ন আবেদন দাখিল না করলে এ ধরণের কোনো সুযোগ পেতে পারেন না। তাই আপিলকারী এ আপিলে প্রতিকার পাওয়ার হকদার নয়। অতএব আদেশ হলো যে;

আদেশ

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারা এবং "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১৮(২) এর বিধান অনুযায়ী ০২৭/২০২২ নং আপীল আবেদনটি "নামঞ্জুর" পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক **০৭/০৬/২০২২** তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/- ২৬/০৬/২২

মোঃ অলিউল্লাহ এনডিসি
অতিরিক্ত সচিব (পর্যটন)
ও
আপীলকর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা

নং-৩০.০০.০০০০.০২৫.২০.০২৮.২২- ৬৬৭ তারিখ: ২৮/০৬/২০২২

সদয় অবগতি ও পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৪) যুগ্ম-সচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, ঢাকা।
৬) উপসচিব (পর্যটন-৩ শাখা), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----------------------------------
১৩) জনাব মোঃ মোতাহার হোসেন, স্বত্বাধিকারী, সাউথ বাংলা এভিয়েশন**,** সেবা নুরজাহান আইকন সেন্টার, লেভেল-৬, ৬০, পুরানা পল্টন, ঢাকা-১০০০

২৮/৬/২২

সৈয়দ শরিফুল ইসলাম
উপসচিব
পর্যটন-৩ শাখা
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd